

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং - ০৯

মে ২১, ২০১৪

তারিখ :-----

জ্যৈষ্ঠ ০৭, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রাইজবন্ড ও বিভিন্ন সঞ্চয় প্রকল্প বিক্রয়ের বিপরীতে
প্রদত্ত কমিশন হতে উৎসে আয়কর কর্তন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের মার্চ ০২, ২০১৪ তারিখের পত্র নং-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৩.
২০১৩.১১(২) এর অনুলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে পুনঃমুদ্রিত হলো।

০২। বর্ণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
(কর নীতি শাখা)

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৬.০০৩.২০১৩.১১(২)

তারিখ : ০২.০৩.২০১৪

বিষয় : তফসিলী ব্যাংকসমূহকে প্রাইজবন্ড ও বিভিন্ন সঞ্চয় প্রকল্প বিক্রয়ের বিপরীতে প্রদত্ত কমিশন হতে উৎসে আয়কর কর্তন প্রসঙ্গে।

- সূত্রঃ ১। জাতীয় সঞ্চয় পরিদপ্তরের পত্র নং-এফ-২(১৪১)-জাসপ(পলিসি)/০৭/৩৯৭, তারিখঃ ২০.০২.২০১৪।
২। বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/সঞ্চয়পত্র-০৪/২০১৪-২৭৮, তারিখঃ ১২.০২.২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আদিষ্ট হয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

সূত্রোক্ত পত্র পর্যালোচনান্বেড় জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি শাখা এই মর্মে স্পষ্টীকরণ করেছে যে-

১। তফসিলী ব্যাংক কর্তৃক বিক্রিত প্রাইজবন্ড ও সঞ্চয় প্রকল্পের সঞ্চয়পত্রসমূহ বিক্রয় বাবদ প্রাপ্ত কমিশন সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত হয়। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩ই ধারায় মূলত পণ্য সরবরাহের বিপরীতে প্রাপ্ত কমিশনের উপর কর কর্তনের বিধান বর্ণিত হয়েছে। এমতাবস্থায়, তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক প্রাইজবন্ড ও সঞ্চয়পত্র বিক্রয়ের জন্য প্রাপ্ত কমিশনের উপর ৫৩ই ধারায় কর কর্তন প্রযোজ্য নয়।

২। তবে ১ জুলাই, ২০১১ তারিখ হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২এএ ধারায় এরূপ বিধান করা হয়েছে যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chapter VII এ বর্ণিত সুনির্দিষ্ট সার্ভিসসমূহ ব্যতিত অন্য যে কোন সেবা প্রদানের জন্য প্রদেয় অর্থের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।

৩। সুতরাং তফসিলি ব্যাংক কর্তৃক বিক্রিত প্রাইজবন্ড ও সঞ্চয় প্রকল্পের সঞ্চয়পত্রসমূহ বিক্রয় বাবদ ১ জুলাই, ২০১১ বা তার পরে প্রাপ্ত কমিশনের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।

স্বাক্ষরিত
সেহেলা সিদ্দিকা
দ্বিতীয় সচিব (কর আইন-১)